অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অংশ হিসেবে ইস্ট ফ্ল্যাটবুশে 583টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট এবং কমিউনিটি সেবার ক্ষেত্রে বড় ধরনের অগ্রগতির ঘোষণা দিয়েছেন

কিংসব্রুক জিউইশ মেডিকেল সেন্টারের কাছে অবস্থিত ইউটিকা ক্রিসেন্টের নির্মাণ কাজ সম্পন্ন; কিংসবোরো সাইকিয়াট্রিক সেন্টারে অবস্থিত স্প্যারো স্কয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপন, অনুন্নত বা কম ব্যবহৃত স্টেটের মালিকানাধীন জমিতে আরো বেশি আবাসন নির্মাণের জন্য গভর্নরের প্রচেষ্টাকে আরো জোরদার করছে

সেন্ট্রাল ব্রুকলিনের সামাজিক, স্বাস্থ্যগত এবং অর্থনৈতিক বৈষম্য দূর করতে প্রকল্পগুলো ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের মূল উপাদান

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ স্টেটের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ (Vital Brooklyn Initiative)-এর ক্ষেত্রে একটি বড় ধরনের অগ্রগতির ঘোষণা দিয়েছেন। এর মধ্যে রয়েছে ইউটিকা ক্রিসেন্ট (Utica Crescent)-এর নির্মাণ কাজ সম্পন্ন হওয়া এবং স্প্যারো স্কয়ার (Sparrow Square)-এর নির্মাণ কাজ শুরু হওয়া, যা যৌথভাবে ইস্ট ফ্ল্যাটবুশে 583টি নতুন সাশ্রয়ী মূল্যের আবাসিক ইউনিট সরবরাহ করবে। 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ হলো একটি ব্যাপকভিত্তিক কমিউনিটি উন্নয়ন প্রোগ্রাম, যা সেন্ট্রাল ব্রুকলিন (Central Brooklyn) এলাকার সামাজিক, অর্থনৈতিক এবং স্বাস্থ্যগত বৈষম্য দূর করার লক্ষ্যে কাজ করে—যা দীর্ঘদিন ধরে স্টেটের সবচেয়ে সুবিধাবঞ্চিত এলাকাগুলোর অন্যতম। ইউটিকা ক্রিসেন্ট এবং স্প্যারো স্কয়ার প্রকল্প দুটি গভর্নরের ঘোষিত ভাইটাল ব্রুকলিন প্রকল্পের অন্যান্য মাইলফলকের সফলতার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে, যার মধ্যে রয়েছে ব্রাউনসভিলে (Brownsville) দ্য রাইজ , ইস্ট নিউ ইয়র্ক (East New York)-এ আলাফিয়া ফেজ ওয়ান এবং বেডফোর্ড স্টাইভেসেন্ট (Bedford Stuyvesant)-এ হারকিমার গার্ডেনস। ইউটিকা ক্রিসেন্টের কাজ শেষ হওয়া এবং স্প্যারো স্কয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে, ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অধীনে এখন পর্যন্ত 2,500-এরও বেশি বাড়ি তৈরি সম্পন্ন হয়েছে অথবা নির্মাণাধীন রয়েছে।

"ইস্ট ফ্ল্যাটবুশ (East Flatbush)-এর এই দুটি রূপান্তরকারী উন্নয়ন প্রকল্প ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের প্রতিশ্রুতিকে বাস্তবে রূপদান করছে—যা শহরের এমন একটি এলাকায় সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট তৈরি করছে এবং স্বাস্থ্য ও সামাজিক সেবার সুযোগ বৃদ্ধি করছে, যা কয়েক দশক ধরে সুবিধাবঞ্চিত ছিল," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বিনিয়োগগুলো এই

আবাসনগুলোর বাসিন্দা এবং আশেপাশের এলাকার মানুষের স্বাস্থ্য ও কল্যাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয় এবং আমাদের একটি আরো সমতাভিত্তিক ব্রুকলিন (Brooklyn) গড়ে তোলার কাছাকাছি নিয়ে যায়, যেখানে প্রত্যেকেরই একটি উজ্জ্বল ভবিষ্যতের সমান সুযোগ থাকবে।"

322-ইউনিটের ইউটিকা ক্রিসেন্ট সম্পন্ন

কিংসব্রুক জিউইশ মেডিকেল সেন্টারের সংলগ্ন একটি প্রাক্তন পার্কিং লটে নির্মিত ইউটিকা ক্রিসেন্ট, এলাকার গড় আয়ের 80 শতাংশ পর্যন্ত উপার্জনকারী পরিবারগুলোর জন্য 322টি আধুনিক অ্যাপার্টমেন্ট সরবরাহ করছে। এর মধ্যে যোগ্য বয়োজ্যেষ্ঠ বাসিন্দাদের জন্য অন-সাইট (একই স্থানে) সহায়তামূলক সেবা নিশ্চিত করতে 89টি ইউনিট অন্তর্ভুক্ত রয়েছে। স্বাস্থ্য ও সুস্থতা-ভিত্তিক এই কেন্দ্রে ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেম (One Brooklyn Health System) দ্বারা পরিচালিত একটি স্বাস্থ্যসেবা কেন্দ্র, খুচরা বিক্রয় কেন্দ্র, মুদির দোকান, কমিউনিটি পরিকাঠামো এবং ব্যায়াম ও বিনোদনের সুযোগ রয়েছে।

এই প্রকল্পে সম্পূর্ণ প্রবেশযোগ্য এবং প্রয়োজন অনুযায়ী পরিবর্তনযোগ্য অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে। শারীরিক প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য 17টি ইউনিট এবং দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য সাতটি ইউনিট নির্ধারণ করা হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) 2022 সালে এই অনুন্নত ইস্ট ফ্ল্যাটবুশ সাইটটিকে সাশ্রয়ী মূল্যের আবাসন, খুচরা ব্যবসা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক সেবা কেন্দ্রে রূপান্তর করার লক্ষ্যে একটি সাধারণ প্রকল্প পরিকল্পনা গ্রহণ করে। 256 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি মোনাডনক ডেভেলপমেন্ট (Monadnock Development), CB ইমানুয়েল (CB Emmanuel) এবং ইক্যুইটি ডেভেলপার্স LLC (Equity Developers LLC) দ্বারা তৈরি করা হয়েছে, যেখানে ক্যাথলিক চ্যারিটিজ নেবারহুড সার্ভিসেস (Catholic Charities Neighborhood Services) অন-সাইট সহায়তা সেবা প্রদান করছে। স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) থেকে 122 মিলিয়ন মার্কিন ডলারের কর-মুক্ত বন্ড এবং 106 মার্কিন মিলিয়ন ডলারের নিম্ন-আয়ের আবাসন কর ক্রেডিট ইক্যুইটি। এছাড়া প্রকল্পটি HCR থেকে প্রায় 96 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি পেয়েছে। পরিচালন ব্যয় এবং অন-সাইট সামাজিক সেবাগুলো এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative, ESSHI)-এর মাধ্যমে অর্থায়ন করা হচ্ছে।

261-ইউনিটের স্প্যারো স্কয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপন

2021 সালে, ESD ও HCR যৌথভাবে কিংসবোরো সাইকিয়াট্রিক সেন্টার ক্যাম্পাসের প্রায় 7.2 একর জমি পুনর্উন্নয়নের জন্য একটি দলকে শর্তসাপেক্ষে মনোনীত করে। সম্পূর্ণ প্রকল্পটি এই সাইটটিকে সাশ্রয়ী মূল্যের আবাসন, উন্মুক্ত স্থান, স্বাস্থ্য-কেন্দ্রিক কমিউনিটি স্পেস এবং নতুন আশ্রয়ণ ভবনে রূপান্তরিত করবে। তিনটি ধাপের এই প্রকল্পের প্রথম ধাপের নির্মাণ কাজ এখন চলছে। স্প্যারো স্কয়ার হলো গভর্নর Hochul (হোকল)-এর যুগান্তকারী 1 বিলিয়ন মার্কিন ডলারের মানসিক স্বাস্থ্য উদ্যোগের অন্তর্ভুক্ত 3,500টি বিশেষায়িত আবাসন ইউনিটের অংশ এবং এই উদ্যোগের অধীনে নিউ ইয়র্ক সিটি (New York City)-তে কাজ শুরু হওয়া প্রথম প্রকল্প। স্প্যারো স্কয়ারের পুনর্উন্নয়নটি এক্সিকিউটিভ অর্ডার 30-এ নির্ধারিত লক্ষ্যগুলো দ্বারা পরিচালিত, যা নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলোকে আবাসনের জন্য অনুন্নত স্টেটের-মালিকানাধীন সাইটগুলো চিহ্নিত

এবং কার্যকর করার নির্দেশ দেয়। এটি আবাসন সরবরাহ বৃদ্ধি, সাশ্রয়ী মূল্য নিশ্চিত করা এবং আরো শক্তিশালী ও অন্তর্ভুক্তিমূলক এলাকা তৈরির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সংকট সমাধানের জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতি পূরণ করে।

261-ইউনিটের সম্পূর্ণ বৈদ্যুতিক এই উন্নয়ন প্রকল্পে দুটি আধুনিক আবাসিক ভবন থাকবে। 100টিরও বেশি ইউনিট যোগ্য ঝুঁকিপূর্ণ পরিবার এবং গৃহহীনতার মুখোমুখি হওয়া ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে, যারা অন-সাইট সহায়তামূলক সেবা পাওয়ার যোগ্য। এই প্রথম ধাপে প্রায় 20,000 বর্গফুট কমিউনিটি সুবিধার জায়গা থাকবে, যা পুরোপুরি সম্পন্ন হলে 63,000 বর্গফুট হবে, একটি ব্যালে স্টুডিও এবং বাসিন্দাদের সামাজিক সেবার জায়গা থাকবে। প্রস্তাবিত প্রকল্পটি সম্পূর্ণ হলে মোট 1,081টি নতুন সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ করা হবে, যার মধ্যে নয় শতাংশ হবে নিজস্ব মালিকানাধীন ইউনিট।

এই প্রকল্পে সম্পূর্ণ প্রবেশযোগ্য এবং প্রয়োজন অনুযায়ী পরিবর্তনযোগ্য অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে। শারীরিক প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য 17টি ইউনিট এবং দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য 10টি ইউনিট নির্ধারণ করা হয়েছে।

242 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি ডগলাস্টন ডেভেলপমেন্ট (Douglaston Development) এবং ব্রেকিং গ্রাউন্ড (Breaking Ground) দ্বারা তৈরি হচ্ছে। স্প্যারো স্কয়ার HCR-এর ফেডারেল লো ইনকাম ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম (Federal Low Income Tax Credit Program) দ্বারা সমর্থিত, যা থেকে 109 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি এবং 69 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) গভর্নর Hochul (হোকল)-এর 1 বিলিয়ন মার্কিন ডলারের মানসিক স্বাস্থ্য উদ্যোগের মাধ্যমে 30 মিলিয়ন মার্কিন ডলার মূলধনী অর্থায়ন প্রদান করেছে এবং প্রাথমিক কার্যক্রমের সহায়তার জন্য অতিরিক্ত তহবিল সরবরাহ করবে। নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA)-এর গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program) 15 মিলিয়ন মার্কিন ডলার মূলধনী তহবিল প্রদান করছে। পরিচালন ব্যয় এবং অন-সাইট সামাজিক সেবাগুলো OTDA দ্বারা পরিচালিত একটি ESSHI অনুদান এবং OMH সাপোর্টিভ হাউজিং সিঙ্গেল রুম অকুপেন্সি অর্থায়নের মাধ্যমে অর্থায়ন করা হয়।

প্রতিনিধি Yvette D. Clarke (ইভেট ডি. ক্লার্ক) বলেন, "কয়েক দশক ধরে ব্রুকলিনকে নিজের বাড়ি হিসেবে চেনার সুবাদে, আমি নিজেই জানি যে বছরের পর বছর ধরে বিনিয়োগের অভাব, সাশ্রয়ী মূল্যের আবাসনের ঘাটতি এবং দীর্ঘস্থায়ী স্বাস্থ্য বৈষম্যের কারণে ইস্ট ফ্ল্যাটবুশের মতো কমিউনিটিগুলো কী ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। এই কারণেই ইউটিকা ক্রিসেন্ট সম্পন্ন হওয়া এবং স্প্যারো স্কয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপন আমাদের কমিউনিটির জন্য এত গুরুত্বপূর্ণ মাইলফলক। এই ধরনের প্রকল্পগুলো পরিবার, প্রবীণ এবং ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের বাড়িতে থাকার সুযোগ তৈরি করে দিচ্ছে, যেখানে তারা তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা এবং সহায়তামূলক সুবিধাগুলো পাবেন। নিউ ইয়র্কের আবাসন সংকট নিরসনে পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ। সেই সাথে আমাদের স্টেটের সহযোগী এবং উন্নয়ন দলগুলোকে ধন্যবাদ জানাই ভাইটাল ব্রুকলিনের

স্বপ্নকে এগিয়ে নিতে সাহায্য করার জন্য, এবং এমন একটি ভবিষ্যতে বিনিয়োগ করার জন্য যেখানে প্রতিটি ব্রুকলিনবাসীর উন্নতি ও সফল হওয়ার সুযোগ থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেন, "580টিরও বেশি নতুন আধুনিক, পরিবেশবান্ধব বাড়ি—পাশাপাশি পুষ্টিকর খাবার, সুস্থতার সুযোগ এবং অন-সাইট সহায়তা সেবার সুবিধা নিশ্চিত করার মাধ্যমে ইউটিকা ক্রিসেন্ট এবং স্প্যারো স্কয়ার সেই 6,000-এরও বেশি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টের তালিকায় যুক্ত হলো, যা HCR গত এক বছরে নিউ ইয়র্ক সিটিতে অর্থায়ন করেছে। এই প্রয়োজনীয় সুবিধাগুলো দীর্ঘকাল ধরে নাগালের বাইরে ছিল, কিন্তু 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ প্রতিটি প্রকল্পের মাধ্যমে এই কমিউনিটির গতিপথ পরিবর্তন করছে এবং ইস্ট ফ্ল্যাটবুশের জীবনযাত্রার মান উন্নত করছে। এই জীবন পরিবর্তনকারী প্রকল্পগুলোকে বাস্তবে রূপ দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের উন্নয়ন দলগুলোকে ধন্যবাদ এবং আমাদের স্টেট ও স্থানীয় আইন প্রণেতাদেরও ধন্যবাদ যাদের গুরুত্বপূর্ণ সমর্থন প্রতিবন্ধকতাগুলো দূর করতে এবং সবার জন্য একটি আরো সাশ্রয়ী ও স্বাস্থ্যকর ব্রুকলিন গড়ে তুলতে সাহায্য করছে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ কমিশনার Dr. Ann Sullivan (ড. অ্যান সুলিভান) বলেন, "মানসিক অসুস্থতা নিয়ে বসবাসকারী যে সমস্ত নিউ ইয়র্কবাসী আবাসনের নিরাপত্তাহীনতায় ভুগেছেন, তাদের পুনরুদ্ধারের জন্য মাথা গোঁজার একটি নিজস্ব জায়গা থাকা অত্যন্ত অপরিহার্য। স্প্যারো স্কয়ার আমাদের কিংসবোরো ক্যাম্পাসের দীর্ঘদিন অব্যবহৃত একটি অংশকে নতুন আবাসনে রূপান্তর করবে, যা মানুষকে তাদের আপন আপন কমিউনিটিতে সফল হতে এবং সমৃদ্ধভাবে জীবনযাপন করতে সহায়তা করবে। এই বিনিয়োগ নিউ ইয়র্কের সকল বাসিন্দার জন্য মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে আরো শক্তিশালী করার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল)-এর চলমান অঙ্গীকারের প্রতিফলন।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স কমিশনার Barbara C. Guinn (বারবারা সি. গুইন) বলেন, "OTDA স্প্যারো স্কয়ারকে সমর্থন করার ক্ষেত্রে আমাদের স্টেট অংশীদারদের সঙ্গে যুক্ত হতে পেরে আনন্দিত এবং এই প্রকল্পের মাধ্যমে অত্যন্ত প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন নির্মিত হবে, যার মধ্যে গৃহহীনতার অভিজ্ঞতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য 117টি স্থায়ী সহায়ক আবাসন ইউনিট অন্তর্ভুক্ত থাকবে। সাশ্রয়ী আবাসন এবং সহায়তা সেবায় সহজ প্রবেশাধিকারের সমন্বয় গৃহহীনতা মোকাবিলায় আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এই পদ্ধতি বাস্তবায়নে নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরেই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এই রূপান্তরমূলক উন্নয়ন প্রকল্পটি গভর্নর Hochul (হোকল)-এর কমিউনিটিগুলোকে আরো শক্তিশালী করা এবং পুরো স্টেট জুড়ে সহায়ক আবাসনের সরবরাহ সম্প্রসারণে অব্যাহত অঙ্গীকারের আরেকটি উদাহরণ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট ইস্ট ফ্ল্যাটবুশের অপর্যাপ্তভাবে ব্যবহৃত জমিকে সাশ্রয়ী আবাসন এবং অত্যাবশ্যকীয় কমিউনিটি সম্পদে রূপান্তর করছে, যা সরাসরি এলাকার বাসিন্দাদের চাহিদার প্রতি সাড়া দেয়। ইউটিকা ক্রিসেন্ট এবং স্প্যারো স্কয়ার গভর্নর Hochul (হোকল)-এর সমন্বিত কমিউনিটি উন্নয়ন দৃষ্টিভঙ্গির

প্রতিফলন — যেখানে আবাসনের সঙ্গে স্বাস্থ্যসেবা, সহায়ক সেবা, উন্মুক্ত স্থান এবং বিভিন্ন সুযোগ-সুবিধার সমন্বয় ঘটানো হয়েছে, যা আগামী প্রজন্মের জন্য সেন্ট্রাল ব্রুকলিনকে আরো শক্তিশালী করবে।"

নিউ ইয়র্ক স্টেট চিফ ডিজেবিলিটি অফিসার Kimberly Ridley (কিম্বার্লি রিডলি) বলেন, "নিরাপদ, সাশ্রয়ী এবং সম্পূর্ণভাবে প্রবেশগম্য আবাসনের সুযোগ লাভ করা একটি মৌলিক অধিকার। ইউটিকা ক্রিসেন্ট এবং স্প্যারো স্কয়ারে নির্ধারিত সংরক্ষিত ইউনিটগুলো, যেখানে চলাচল-উপযোগী এবং সংবেদনগতভাবে প্রবেশগম্য আবাসনের ব্যবস্থা রয়েছে, সেন্ট্রাল ব্রুকলিনের প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য শারীরিক প্রতিবন্ধকতা দূর করার ক্ষেত্রে একটি বড় অগ্রগতির প্রতিনিধিত্ব করে। আমি গভর্নর Hochul (হোকল)-এর সেই অঙ্গীকারকে সাধুবাদ জানাই, যার মাধ্যমে নিউ ইয়র্কের ঐতিহাসিক আবাসন বিনিয়োগগুলোতে প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদাকে সরাসরি অগ্রাধিকার দেওয়া হচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ কমিশনার Willow Baer (উইলো বেয়ার) বলেন, "নিরাপদ ও সাশ্রয়ী আবাসন একটি মৌলিক মানবাধিকার, যা প্রতিবন্ধী ব্যক্তিসহ নিউ ইয়র্কের সকল বাসিন্দার স্বাস্থ্য ও কল্যাণ নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহতভাবে অব্যবহৃত স্থানগুলোর পুনর্কল্পনা ও পুনর্ব্যবহারের উদ্যোগের ফলে আরো বেশি মানুষ স্বাধীনভাবে বসবাসের সুযোগ পাবে এবং তাদের দৈনন্দিন জীবনে নিজস্ব পছন্দের স্বাধীনতার আনন্দ উপভোগ করতে পারবে।"

সিনেটর Zellnor Myrie (জেলনর মাইরি) বলেন, "নিউ ইয়র্ক, বিশেষ করে সেন্ট্রাল ব্রুকলিন, একটি সাশ্রয়ী আবাসন সংকটের মুখোমুখি, যা মোকাবিলায় সরকারের সব পর্যায়ের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। ব্রুকলিনের পরিবার, প্রবীণ নাগরিক এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা নিউ ইয়র্ক বাসীদের জন্য সাশ্রয়ী আবাসন, সমন্বিত সহায়তা সেবা, স্বাস্থ্যসেবার সুযোগ এবং কমিউনিটি স্পেস নিশ্চিত করবে—এমন প্রকল্পগুলোকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ। আমাদের একসঙ্গে এমন বিনিয়োগ অব্যাহত রাখতে হবে, যা ভাড়াটিয়া ও বাড়ির মালিক—উভয়কেই সমানভাবে সহায়তা করে।"

অ্যাসেম্বলি সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহাম) বলেন, "ব্রুকলিনের প্রতিটি পরিবারেরই উন্নতি ও সমৃদ্ধির সুযোগ পাওয়ার অধিকার রয়েছে। ইউটিকা ক্রিসেন্টের নির্মাণকাজ সম্পন্ন হওয়া এবং স্প্যারো স্কয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপন ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে এবং এর মাধ্যমে বর্তমানে 2,500টিরও বেশি আবাসন ইউনিট সম্পন্ন হয়েছে অথবা নির্মাণাধীন রয়েছে। ব্রুকলিনের সকল বাসিন্দার জীবনমান উন্নত করতে সাশ্রয়ী আবাসনের সম্প্রসারণ এবং সহায়ক সেবার সুযোগ বৃদ্ধির জন্য ধারাবাহিক বিনিয়োগ প্রয়োজন। এই কাজ চলমান থাকাকালে, আমি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে এসব বিনিয়োগ যথাযথ যত্নের সঙ্গে এবং যেসব কমিউনিটিতে সেবা করার উদ্দেশ্যে এগুলো গ্রহণ করা হয়েছে, তাদের অংশীদারিত্বে বাস্তবায়িত হবে।"

অ্যাসেম্বলি সদস্য Monique Chandler-Waterman (মনিক চ্যান্ডলার-ওয়াটারম্যান) বলেন, "ইউটিকা ক্রিসেন্ট ন্যায্য ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রতি অঙ্গীকারবদ্ধ হলে আমরা কী

অর্জন করতে পারি, তার একটি শক্তিশালী উদাহরণ। আমার কার্যালয় আমাদের ডিস্ট্রিক্টের জন্য সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করেছে এবং ব্রুকলিনের ক্রমবর্ধমান আবাসন-সাশ্রয়যোগ্যতা সংকট মোকাবিলায় প্রতিদিন সংগ্রাম করে যাচ্ছে। আমি গর্বিত যে আমরা 1199 SEIU, কমিউনিটি বোর্ড 9, শিন্ডা ম্যানেজমেন্ট, JST ম্যানেজমেন্ট এবং অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 58 টাস্কফোর্সের মতো অংশীজনদের সঙ্গে কাজ করে আবাসনের আবেদন প্রক্রিয়ার সময়সীমা বাড়াতে সক্ষম হয়েছি এবং এর মাধ্যমে শত শত পরিবারকে সহায়তা করেছি—যার মধ্যে প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী ব্যক্তিরাও অন্তর্ভুক্ত। এছাড়াও, আমি আনন্দিত যে মোনাডনক ডেভেলপমেন্ট-এর সঙ্গে সহযোগিতার মাধ্যমে আমরা আমাদের এলাকার বাসিন্দাদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম হয়েছি এবং আমাদের প্রচেষ্টার ফলেই স্থানীয় বাসিন্দাদের সরাসরি এই প্রকল্পের নির্মাণকাজে নিয়োগ দেওয়া হয়েছে। এই প্রকল্পটি শুধু ভবন নির্মাণের মধ্যেই সীমাবদ্ধ নয়। আমার লক্ষ্য সবসময়ই এমন একটি উন্নয়ন প্রকল্প গড়ে তোলা, যা পুরো কমিউনিটিকে আরো শক্তিশালী করে তোলা।"

দ্য ডগলাস্টন কোম্পানিস এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান Jeff Levine (জেফ লেভিন) বলেন, "আজকের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান শুধু একটি উন্নয়ন প্রকল্পের মাইলফলক নয়—এটি একটি নতুন কমিউনিটি গঠনের পথে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের সূচনা। স্প্যারো স্কয়ার এই স্থানটিকে এমন একটি পরিবেশে রূপান্তর করবে, যেখানে পরিবার, প্রবীণ নাগরিক এবং ব্যক্তিরা উচ্চমানের সাশ্রয়ী আবাসন, সহায়ক সেবা, বাড়ির মালিক হওয়ার সুযোগ এবং সবার জন্য উন্মুক্ত জনপরিসরের সুবিধা লাভ করতে পারবেন। এই স্বপ্নকে বাস্তবে রূপ দিতে সহায়তা করার জন্য আমরা আমাদের সরকারি, বেসরকারি এবং অলাভজনক অংশীদারদের প্রতি কৃতজ্ঞ এবং আমরা গর্বিত যে, এমন একটি কমিউনিটি গড়ে তুলছি যা আগামী প্রজন্মের পর প্রজন্ম নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করবে।"

ব্রেকিং গ্রাউন্ডের প্রেসিডেন্ট ও CEO Brenda Rosen (ব্রেন্ডা রোজেন) বলেন, "ব্রেকিং গ্রাউন্ডে, আমরা সবসময় এমন উচ্চমানের সাশ্রয়ী ও সহায়ক আবাসন তৈরি করার চেষ্টা করি, যা সমাজের সব স্তরের নিউ ইয়র্কবাসীদের জন্য স্থিতিশীলতা, মর্যাদা এবং সুযোগ নিশ্চিত করে। এই প্রকল্পটি শত শত ব্রুকলিনবাসীর জন্য আবাসনের ব্যবস্থা করবে এবং অন-সাইট সহায়ক সেবার সুযোগ প্রদান করবে, যা ইস্ট ফ্ল্যাটবুশে দীর্ঘমেয়াদি স্বনির্ভরতা ও কমিউনিটি ভিত্তিক জীবন গড়ে তুলতে সহায়তা করবে। স্প্যারো স্কয়ারের ফেজ-I নির্মাণকাজের সূচনা শুধু এই প্রকল্পস্থলের জন্যই নয়, বরং ব্রুকলিনে সাশ্রয়ী ও সহায়ক আবাসনের ভবিষ্যতের জন্যও একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। আমরা গভর্নর Hochul (হোকল)-এর সাহসী নেতৃত্বের জন্য কৃতজ্ঞ এবং আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ প্রতিবেশীদের জন্য এই প্রকল্প বাস্তবায়নে ডাগলাস্টন ডেভেলপমেন্টের সঙ্গে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত।"

মোনাডনক ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট Kirk Goodrich (কার্ক গুডরিচ) বলেন, "আমি এমন একটি উপলব্ধি নিয়ে বড় হয়েছি যে, একটি শহরের মহত্ত্ব পরিমাপ করা হয় এই ভিত্তিতে যে সেখানে সাধারণ কর্মজীবী মানুষ নিজেদের জন্য একটি জীবন গড়ে তুলতে পারেন কি না। ইউটিকা ক্রিসেন্ট সেই নীতির প্রতি সম্মান প্রদর্শনেরই একটি উদ্যোগ। এটি এমন আবাসন গড়ে তোলার বিষয়, যেখানে প্রবীণরা মর্যাদার সঙ্গে বার্ধক্যে উপনীত হতে পারবেন, পরিবারগুলো স্থিতিশীল পরিবেশে সন্তানদের বড় করতে পারবে এবং প্রতিবেশীরা একটি শক্তিশালী কমিউনিটি

গড়ে তুলতে পারবে। এই উদ্বোধনী অনুষ্ঠান কোনো প্রকল্পের সমাপ্তি নয়—বরং ইস্ট ফ্ল্যাটবুশে আশা ও সম্ভাবনার শত শত নতুন গল্পের সূচনা।"

CB ইমানুয়েল-এর ম্যানেজিং পার্টনার R. Chris Bramwell, Jr. (আর. ক্রিস ব্রামওয়েল জুনিয়র) বলেন, "CBE ইউটিকা ক্রিসেন্ট প্রকল্পে মোনাডনক ডেভেলপমেন্টের সঙ্গে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত এবং এই উন্নয়ন প্রকল্পকে বাস্তবে রূপ দিতে তাদের দূরদর্শিতা ও নেতৃত্বের জন্য আমরা আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই মাইলফলক অর্জন সম্ভব করে তোলার জন্য অর্থায়ন ও সহায়তা প্রদানের ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এবং NYS HCR এর প্রতি আমরা সমানভাবে কৃতজ্ঞ এবং এর পাশাপাশি ভাইটাল বিকে (Vital BK) উদ্যোগের মাধ্যমে MWBE অংশগ্রহণকে উৎসাহিত করার জন্যও তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতা রইল। আমরা আমাদের স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধি এবং কমিউনিটি বোর্ডের ভূমিকাকেও স্বীকৃতি জানাই, যারা নিশ্চিত করেছেন যে এই পুরো প্রক্রিয়াজুড়ে ইস্ট ফ্ল্যাটবুশের বাসিন্দাদের মতামত ও কণ্ঠস্বর কেন্দ্রীয় গুরুত্ব পেয়েছে। এই উন্নয়নটি তারই প্রতিফলন, যা দেখায় যে সরকার, সম্প্রদায় এবং বেসরকারি খাত যখন একটি অভিন্ন উদ্দেশ্য নিয়ে একত্রিত হয়, তখন কী সম্ভব এবং আমরা বিশ্বাস করি, ইউটিকা ক্রিসেন্ট আগামী প্রজন্ম পর্যন্ত ইস্ট ফ্ল্যাটবুশ এবং ব্রুকলিন কমিউনিটির জন্য একটি অনুঘটক বিনিয়োগ হিসেবে কাজ করবে।"

ইক্যুইটি ডেভেলপার্স LLC-এর ম্যানেজিং ডিরেক্টর JL James (JL জেমস) বলেন, "একটি কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে, ইক্যুইটি ডেভেলপার্স, LLC ইউটিকা ক্রিসেন্টের সহ-উন্নয়নকারী হিসেবে ভূমিকা রেখে ইতিবাচক পরিবর্তন আনতে পেরে আনন্দিত। ইউটিকা ক্রিসেন্ট শুধু সাশ্রয়ী আবাসনের ব্যবস্থাই করে না, বরং এটি এমন মানসম্পন্ন আবাসিক পরিবেশও প্রদান করে, যেখানে এমন নানা সুবিধা-সুবিধান রয়েছে যা সাধারণত বাজারমূল্যভিত্তিক আবাসন প্রকল্পগুলোতেই বেশি দেখা যায়। আমরা নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন সংস্থা এবং জেপিমরগান চেজ সহ এই প্রকল্পে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সকলের অবদানকে স্বীকৃতি জানাই। বিশেষ ধন্যবাদ মোনাডনক ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট Kirk Goodrich (কার্ক গুডরিচ)-কে, যিনি উন্নয়ন দলটির নেতৃত্ব দিয়েছেন।”

ওয়ান ব্রুকলিন হেলথের চিফ এক্সিকিউটিভ অফিসার Sandra Scott, MD (স্যান্ড্রা স্কট) বলেন, "ইউটিকা ক্রিসেন্ট সেই ধরনের বিনিয়োগের প্রতিফলন, যা সেন্ট্রাল ব্রুকলিনের প্রাপ্য—একটি বিনিয়োগ যা কমিউনিটিকে আরো বেশি শক্তিশালী করে এবং সুযোগের পরিধি সম্প্রসারিত করে। আমরা এই উন্নয়ন প্রকল্পের অংশ হতে পেরে গর্বিত এবং OBH এর ভবিষ্যৎ স্থানে রোগীদের স্বাগত জানানোর অপেক্ষায় রয়েছি, যার মাধ্যমে আমরা যাদের সেবা প্রদান করি সেই প্রতিবেশীদের আরও কাছাকাছি সহজপ্রাপ্য ও উচ্চমানের স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে পারব।"

জে.পি. মরগান কমিউনিটি ডেভেলপমেন্ট ব্যাংকিং-এর Alexandra DiStefano (আলেকজান্দ্রা ডিস্টেফানো) বলেন, "ইস্ট ফ্ল্যাটবুশে অতিরিক্ত হাসপাতাল-সংলগ্ন জমিকে সাশ্রয়ী আবাসন ও গুরুত্বপূর্ণ কমিউনিটি সম্পদে রূপান্তরিত করার যে উদ্যোগ ইউটিকা ক্রিসেন্ট গ্রহণ করেছে, তার জন্য নির্মাণ অর্থায়ন প্রদান করতে পেরে আমরা গর্বিত। জে.পি. মরগানে, সাশ্রয়ী আবাসনে আমাদের বিনিয়োগ কার্যক্রম এই বিশ্বাসের ওপর ভিত্তি করে পরিচালিত হয় যে শক্তিশালী ও সমৃদ্ধ কমিউনিটি মানুষের জন্য নতুন সুযোগ সৃষ্টি করে। প্রবীণ নাগরিকসহ বিভিন্ন বাসিন্দার জন্য সাশ্রয়ী ও সহায়ক আবাসনের ব্যবস্থা করে ইউটিকা ক্রিসেন্ট

ব্রুকলিনের সামাজিক বন্ধনকে আরো সুদৃঢ় করছে এবং পরিবারগুলোকে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা অর্জন ও সমৃদ্ধভাবে এগিয়ে যেতে সহায়তা করছে।"

হাডসন হাউজিং ক্যাপিটালের ম্যানেজিং ডিরেক্টর Kimmel Cameron (কিমেল ক্যামেরন) বলেন, "হাডসন হাউজিং ক্যাপিটাল গর্বের সঙ্গে 107 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট এবং স্টেট ট্যাক্স ক্রেডিটের সিন্ডিকেশন করেছে, যা ইউটিকা ক্রিসেন্ট বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে এবং এর মাধ্যমে একটি উন্মুক্ত পার্কিং লটকে একটি গুরুত্বপূর্ণ কমিউনিটি সম্পদে রূপান্তর করা হয়েছে, যেখানে পরিবার ও পূর্বে গৃহহীন প্রবীণদের জন্য 322টি সাশ্রয়ী আবাসন, 20,000 বর্গফুটের তাজা খাদ্যপণ্যের খুচরা বিক্রয়কেন্দ্র এবং ব্রুকলিন কমিউনিটির সেবায় 15,000 বর্গফুটের কমিউনিটি পরিকাঠামো কেন্দ্র গড়ে তোলা হয়েছে। মোনাডনক ডেভেলপমেন্ট, সিবি ইমানুয়েল রিয়েলটি, ইক্যুইটি ডেভেলপার্স LLC এবং ক্যাথলিক চ্যারিটিজ প্রগ্রেস অব পিপলস ডেভেলপমেন্ট কর্পোরেশনের অংশীদারিত্বে গড়ে ওঠা ইউটিকা ক্রিসেন্ট দীর্ঘমেয়াদি আবাসন স্থিতিশীলতা নিশ্চিত করছে, স্বাস্থ্যকর খাদ্যের প্রাপ্যতা বাড়াচ্ছে এবং আশপাশের এলাকাকে আরো শক্তিশালী করে তুলছে।"

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল ব্রুকলিনে 11,000-এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করেছে। ইউটিকা ক্রিসেন্ট এবং স্প্যারো স্কয়ার গভর্নর Hochul (হোকল)-এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ-বছর মেয়াদী হাউজিং পরিকল্পনার অংশ, যা স্টেট জুড়ে 100,000 সাশ্রয়ী আবাসন নির্মাণের লক্ষ্য পূরণের পথে রয়েছে।

ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ সম্পর্কে

নিউ ইয়র্কের 1.4 বিলিয়ন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভটি কমিউনিটি উন্নয়ন ও জনকল্যাণের একটি মডেল, যা সেন্ট্রাল ব্রুকলিনে স্বাস্থ্য ও সুস্থতার পথে বিদ্যমান বাধাগুলো দূর করতে কাজ করছে এবং সেন্ট্রাল ব্রুকলিন নিউ ইয়র্ক স্টেটের অন্যতম বৈষম্যপূর্ণ অঞ্চলগুলোর একটি। এই উদ্যোগের মাধ্যমে শেষ পর্যন্ত 4,000টি সাশ্রয়ী আবাসন নির্মাণ করা হবে, যেখানে সামাজিক, চিকিৎসা ও কমিউনিটি সেবার পাশাপাশি বিনোদনমূলক ও শিক্ষামূলক সুযোগ-সুবিধাও অন্তর্ভুক্ত থাকবে।

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। 2023 অর্থবছর থেকে, গভর্নর আবাসন সরবরাহ বৃদ্ধি এবং এটিকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী ব্যাপক আবাসন পরিকল্পনা চালু করেছেন, কয়েক দশকের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ আবাসন চুক্তি কার্যকর করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। নিউ ইয়র্ক সিটি সহ স্টেটজুড়ে 420টিরও বেশি জনপদ প্রো-হাউজিং হিসেবে প্রত্যয়িত হয়েছে।

গভর্নর Hochul (হোকল)-এর "লেট দেম বিল্ড (Let Them Build)" কর্মসূচিটি একগুচ্ছ যুগান্তকারী সংস্কারের মাধ্যমে খরচ কমানোর পাশাপাশি আবাসন ও অবকাঠামো উন্নয়নকে ত্বরান্বিত করবে। অর্থবছর 2027-এর অনুমোদিত বাজেটে নিউ ইয়র্কের এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA)-এর বাস্তবসম্মত, সহজ-সরল পরিবর্তনুগুলো এবং সেই সাথে নির্বাহী পদক্ষেপসমূহ এমন কিছু গুরুত্বপূর্ণ শ্রেণির প্রকল্পকে ত্বরান্বিত করবে, যেগুলোর ক্ষেত্রে পরিবেশের ওপর কোনো উল্লেখযোগ্য নেতিবাচক প্রভাব নেই বলে ক্রমাগত প্রমাণিত হয়েছে, কিন্তু দীর্ঘকাল ধরে আমলাতান্ত্রিক জটিলতায় আটকে ছিল এবং দীর্ঘসূত্রতার সম্মুখীন হচ্ছিল।

2027 অর্থবছরের প্রণীত বাজেট গভর্নরের বর্তমান পঞ্চবার্ষিকী আবাসন পরিকল্পনাকে পূর্ণতা দেবে, যার লক্ষ্য স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করা, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবাসহ 10,000 আবাসন নিশ্চিত করার পাশাপাশি অতিরিক্ত 50,000 বাড়িকে বিদ্যুতায়নের আওতায় আনা অন্তর্ভুক্ত রয়েছে। এ পর্যন্ত 81,000-এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে বাজেট মূলধনী তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। অনুমোদিত অর্থবছর 2027 বাজেটটি ভাড়াটিয়া এবং বাড়ির মালিকদের জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষাকবচগুলোকে আরো জোরদার করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন